

💵 বিদ'আত ও এর মন্দ প্রভাব

বিভাগ/অধ্যায়ঃ মৃতের পক্ষ থেকে লোকদেরকে খাওয়ানোর জন্য দিন তারিখ নির্দিষ্ট করা নব আবিষ্কৃত বিদ'আত রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: একজন মুসলিম মারা গেল, তার ছেলে-মেয়ে এবং ধন সম্পদ রয়েছে, মৃতের পক্ষ থেকে বকরী জবাই করে লোকদেরকে সপ্তম দিনে বা চল্লিশার দিনে দাওয়াত করে খাওয়ানো জায়েয় হবে কি?

উত্তর: মৃত ব্যক্তির পক্ষ থেকে সদকা করা বৈধ। আর ফকীর মিসকিনকে খাওয়ানো, পাড়া প্রতিবেশীদেরকে অনুগ্রহ করা ভালো কাজ; যা করার জন্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম উৎসাহ দিয়েছেন। কিন্তু মৃত্যুর সময় বা নির্দিষ্ট দিনে যেমন সপ্তম দিনে বা চল্লিশে, বা বৃহস্পতিবারে বা জুম'আরাতে বা শুক্রবারে বকরী, গরু, উট বা পাখী ইত্যাদি জবাই করে মৃতের নামে সদকা করা বিদ'আত এবং নব আবিষ্কৃত কাজ, যা সালাফদের যুগে ছিল না। কাজেই তা পরিহার ওয়াজিব। কেননা নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

"যে ব্যক্তি আমার এ দ্বীনের মধ্যে নতুন কোনো জিনিস সৃষ্টি করবে যা এর অন্তর্ভুক্ত নয় তা প্রত্যাখ্যাত।" তিনি আরও বলেন: "আর তোমরা নবআবিষ্কৃত কাজ থেকে বেঁচে থাক কেননা প্রতিটি নবআবিষ্কৃত কাজ হচেছ বিদ'আত এবং সকল বিদ'আত হচ্ছে ভ্রষ্টতা।"

Source — https://www.hadithbd.com/books/link/?id=11064

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন